গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৩.০১৬.০০৩.২০১০(অংশ-১)-১৯৫ তারিখ ঃ ০২-০৪-১৪২৩ / ১৭-০৭-২০১৬

বিষয় ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭৮.০০৬.০০.০০৬.২০১৪(অংশ-১)-৬৮(৪), তারিখঃ-১০.০৮.২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনার হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ০৩(তিন) পাতা।

১৭/৭/১৬
(মোঃ আলী হায়দার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৭৪৪২৯

সিনিয়র সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ ঃ পরিচালক -১১।

অনুলিপি ঃ

সহকারী প্রোগ্রামার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
(ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।

pm

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি প্রদানের তারিখ ও স্থান	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	মন্তব্য
০১।	নেত্রকোনা জেলা সদরে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	নেত্রকোনা ১৬/০২/২০১০ খ্রিঃ	অফিস কাম-একাডেমিক ভবন, ছাত্রাবাস ও ছাত্রীনিবাস, সীমানা দেয়াল, কাউ শেড এবং পোল্ট্রি শেড, অভ্যন্তরীণ রাস্তা ও বিদ্যুৎ ইতোমধ্যে হস্তান্তর গ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজ শেষ হয়েছে, অচিরেই হস্তান্তর গ্রহণ করা হবে। কর্মচারিদের বাসস্থান, মাষ্টার ড্রেন, ফুলের বাগান ও পুকুরঘাট নির্মাণ কাজ শেষ পর্যায়ে। পরবর্তীতে কার্যাদেশ প্রদানকৃত কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ চলমান আছে। উপ-পরিচালকের কার্যালয় ইতোমধ্যে নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে। নির্মাণ কাজের গড় অগ্রগতি ৯৮%।	কার্যক্রম চলমান
০২।	নীলফামারী জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন।	নীলফামারী ১২/১০/২০১১ খ্রিঃ	ছাত্রীনিবাস, কর্মচারীদের বাসস্থান ও সীমানা দেয়াল হস্তান্তর গ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন ও কাউ শেড নির্মাণ কাজ সম্পাদিত হয়েছে, শীঘ্রই হস্তান্তর নেয়া হবে। অফিস কাম-একাডেমিক ভবন, ছাত্রাবাস, মাষ্টার ড্রেন, বাগান ও পুকুরঘাট নির্মাণ কাজ সমাপ্তির পথে যা অচিরেই হস্তান্তরিত হবে। পোল্ট্রিশেড,অভ্যন্তরীণ রাস্তা ও বৈদ্যুতিকরণ কাজ এবং পরবর্তীতে কার্যাদেশ প্রদানকৃত কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজ চলমান রয়েছে। নির্মাণ কাজের গড় অগ্রগতি ৯৬%।	কার্যক্রম চলমান
০৩।	রংপুর বিভাগের সকল জেলায় ন্যাশনাল সার্ভিস সম্প্রসারণ করা।	রংপুর ০৮/০১/২০১১ খ্রিঃ	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক রংপুর বিভাগের কুড়িগ্রাম ব্যতীত ৭টি জেলার (রংপুর, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড়) ৮টি উপজেলায় (যথাক্রমে পীরগঞ্জ ও কাউনিয়া, হাতিবান্ধা, ফুলছড়ি, ডিমলা, খানসামা, হরিপুর এবং পঞ্চগড় সদর) ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়ন (২য় পর্বে) সম্পন্ন করা হয়েছে। রংপুর জেলার গঙ্গাচড়া উপজেলাকে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির (৪র্থ পর্বে) অন্তর্ভুক্ত করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রত্যেক জেলার প্রতি উপজেলায় দারিদ্রের ক্রমানুসারে ন্যাশনাল সর্ভিস কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। পর্যায়ক্রমে রংপুর বিভাগের সকল জেলার সকল উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়ন করা হবে।
০৪।	নেত্রকোনা জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ	নেত্রকোনা জেলা ১৬-০২-২০১০ খ্রিঃ	"নীলফামারী ও নেত্রকোনা জেলা স্টেডিয়ামের উন্নয়ন এবং রংপুর মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নেত্রকোনা জেলায় একটি আধুনিক স্টেডিয়াম নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি গত ১০-০২-২০১৫ তারিখের একনেক সভায় অক্টোবর/২০১৪ থেকে জুন/২০১৬ মেয়াদে অনুমোদিত হয়। প্রকল্পের নেত্রকোনা অংশের স্টেডিয়াম নির্মাণ কাজের অগ্রগতি ৯৫%। প্যাভিলিয়ন বিল্ডিংয়ের দুই তলার স্ট্রাকচার নির্মাণ সমাপ্ত হয়েছে। গ্যালারীর ও ফাউন্ডেশনের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া সাইড ডেভেলপমেন্ট এবং প্লাসটারিং এর কাজ সমাপ্ত হয়েছে। প্রকল্পটির মাঠ উন্নয়নের কাজ চলমান রয়েছে।	প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬০%

চলমান পাতা/০২

ক্র.নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনা	প্রতিশ্রুতি প্রদানের তারিখ ও স্থান	প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি	মন্তব্য
০৫।	গাজীপুর জেলার টঙ্গীস্থ টিএসএস ময়দানকে একটি আন্তর্জাতিক মানের স্টেডিয়াম হিসেবে উন্নীতকরণ।	টঙ্গীস্থ শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়াম ২৫-১২-২০০৮ খ্রিঃ	প্রকল্পটির বাস্তবায়ন কাজ জুন' ২০১৪ তে সমাপ্ত হয়েছে।	প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে।
০৬।	নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় স্টেডিয়ামের জন্য নির্ধারিত জায়গা খেলাধুলার উপযোগী করা এবং পর্যায়ক্রমে সেখানে স্টেডিয়াম নির্মাণ করা।	সিদ্ধিরগঞ্জ থানা, নারায়ণগঞ্জ ১৪-০২-২০১০ খ্রিঃ	"মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০২-০৬-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম চলমান
০৭।	খুলনা জেলার কয়রা উপজেলায় স্টেডিয়াম নির্মাণ করা।	কয়রা উপজেলা খুলনা ২৩-০৭-২০১০ খ্রিঃ	"মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬(ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় খুলনা জেলার কয়রা উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০২-০৬-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম চলমান
০৮।	কুমিল্লা জেলার তিতাস উপজেলায় একটি স্টেডিয়াম নির্মাণ করা।	সিদ্ধিরগঞ্জ থানা, নারায়ণগঞ্জ ০৭-১১-২০১০ খ্রিঃ	"মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬ (ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় কুমিল্লা জেলার তিতাস উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০২-০৬-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম চলমান
০৯।	মীরেরসরাই উপজেলা সদরে নির্মিত স্টেডিয়ামটি সংস্কার এবং আধুনিকায়ন করা।	মীরেরসরাই, চট্রগ্রাম ২৯-১২-২০১০ খ্রিঃ	"মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬(ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় চট্রগ্রাম জেলার মীরেরসরাই উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০২-০৬-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম চলমান
১০।	লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলায় স্টেডিয়াম নির্মাণ।	মুন্সীগঞ্জ ০৯-০২-২০১১ খ্রিঃ	"মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত ০৬(ছয়)টি উপজেলায় স্টেডিয়াম নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টঙ্গীবাড়ী উপজেলায় স্টেডিয়াম নির্মাণ কাজটি অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটির উপর গত ১২-০৭-২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির(পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি ০২-০৬-২০১৬ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।	কার্যক্রম চলমান

চলমান পাতা/০৩